

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 30-01-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) সারা দেশের সঙ্গে আজ রাজ্যও মহাত্মা গান্ধীর ৭৭তম মৃত্যুবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালিত।
- (২) ষোড়শ অর্থ কমিশনের চেয়ারম্যান ড. অরবিন্দ পানাগড়িয়া বলেছেন, ত্রিপুরার অর্থনীতি সুপরিচালিত এবং রাজ্যের আর্থিক অবস্থা সুদৃঢ়।
- (৩) সংসদের বাজেট অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে।
- (৪) জাতীয় স্কুল জিমন্যাস্টিক্স প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৪ বছরের মেয়েদের বিভাগে ত্রিপুরার শ্রীপর্ণা দেবনাথ একটি স্বর্ণ পদক সহ মোট চারটি পদক দখল করেছে।

\*\*\*\*\*

**Gandhiji-National :**

মহাত্মা গান্ধীর ৭৭তম মৃত্যুবার্ষিকী আজ সারা দেশে শহীদ দিবস হিসেবে পালিত হচ্ছে। এ উপলক্ষে আজ সকালে নতুনদিল্লির রাজघাটে গান্ধী সমাধিতে সর্বধর্ম প্রার্থনা সভা হয়। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু মহাত্মা গান্ধীর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন। উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখর, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং বিরোধী দলের নেতা রাহুল গান্ধীও পুষ্পস্তবক অর্পণ করেন। কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং, মনোহর লাল খট্টুর, তিন বাহিনীর প্রধান এবং প্রতিরক্ষা বাহিনীর প্রধানরাও উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Governor-Gandhi :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু, গান্ধীজীর অহিংসার নীতিকে পাথেয় করার জন্য আগামী প্রজন্মের প্রতি আহ্বান জানিয়েছেন। আজ গান্ধীজীর মৃত্যু দিন, শহীদ দিবস উপলক্ষে আগরতলার সার্কিট হাউজ সংলগ্ন গান্ধী মূর্তির পাদদেশে পুষ্পার্ঘ্য অর্পণ করার পর তিনি এই আহ্বান জানান।

# ##### Byte-Governor #####

রাজ্যপাল গান্ধীঘাটে গিয়ে বাপুজীর সমাধিস্থলে ফুলমালা দিয়ে শ্রদ্ধা জানান। সঙ্গে ছিলেন শিল্প ও বাণিজ্য দপ্তরে মন্ত্রী সান্ত্বনা চাকমা, আগরতলা পুর নিগমের কর্পোরেটর তুষার ভট্টাচার্য, হিমানী দেববর্মা, পশ্চিম জেলার জেলাশাসক ডক্টর বিশাল কুমার, সদর মহকুমা শাসক মানিক লাল দাস, রামকৃষ্ণ মঠ ও মিশনের সন্ন্যাসী সহ অন্যান্য বিশিষ্টজনের।

\*\*\*\*\*

### **Congress-Gandhi :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগেও শহীদ দিবস পালিত করা হয়। আগরতলার কংগ্রেস ভবনে মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে ও গান্ধীঘাটে শহীদ বেদীতে শ্রদ্ধা নিবেদন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক সুদীপ রায় বর্মন।

\*\*\*\*\*

### **Press Meet-16<sup>th</sup> Finance Commission :**

ঘোড়শ অর্থ কমিশনের চেয়ারম্যান ড. অরবিন্দ পানাগড়িয়া বলেছেন, ত্রিপুরার অর্থনীতি সুপরিচালিত এবং রাজ্যের আর্থিক অবস্থা সুদৃঢ়। আজ দুপুরে আগরতলায় রাজ্য সরকারি অতিথিশালায় আয়োজিত সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন।

তিনি বলেন, কমিশন তাদের চূড়ান্ত রিপোর্ট পেশ করার আগে বিভিন্ন রাজ্য সরকার, স্থানীয় নগর এবং গ্রামীণ সংস্থাগুলির সঙ্গে বৈঠক করে তাদের অভিমত জানতে চাইবে। তিনি জানান, সংশ্লিষ্ট বিভিন্ন পক্ষের সঙ্গে বৈঠক করা ছাড়াও যে কেউ ঘোড়শ অর্থ কমিশনের ওয়েবসাইটে গিয়ে তারা তাদের অভিমত জানাতে পারবেন। তিনি জানান, কমিশন কেন্দ্রীয় সরকারের সঙ্গেও কথা বলবে। চলতি বছরের ৩১ অক্টোবরের মধ্যে কমিশন তাদের রিপোর্ট দেশের রাষ্ট্রপতির কাছে পেশ করবে। তিনি জানান, পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী কেন্দ্রীয় করের ৪১ শতাংশ অর্থ রাজ্যগুলিকে দেওয়া হচ্ছে এবং ৫৯ শতাংশ অর্থ কেন্দ্রীয় সরকার নিজের হাতে রাখছে। এবার অধিকাংশ রাজ্যই-রাজ্যকে দেওয়া কেন্দ্রীয় করের পরিমাণ বাড়ানোর দাবি জানিয়েছে। ত্রিপুরা সরকারের পক্ষ থেকেও এই পরিমাণ ৫০ শতাংশ করার দাবি জানানো হয়েছে।

তিনি বলেন, কমিশন উত্তর পূর্বাঞ্চলের রাজ্যগুলির পরিস্থিতির দিকে লক্ষ্য রেখেই কমিশন তাদের কাজ চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, গড় মাথাপিছু আয়ের ক্ষেত্রে ত্রিপুরা জাতীয় গড়ের নীচে থাকলেও দ্রুত রাজ্য এ ব্যাপারে উন্নতিসাধন করছে। কমিশনের নজরে বিষয়টিও রয়েছে।

শ্রী পানাগড়িয়া জানান, বিপর্যয় মোকাবিলার বিষয়টিও কমিশনের বিবেচনার মধ্যে রয়েছে। রাজ্য সরকারের সঙ্গে অনুষ্ঠিত আজকের বৈঠকে গত আগস্ট মাসে রাজ্যের ভয়াবহ বন্যার বিষয়টি উল্থাপিত হয়েছে।

তিনি আরো বলেন, ত্রিপুরা সরকারের পক্ষ থেকে বন এলাকার ভিত্তিতে অর্থ বরাদ্দের পরিমাণ পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশকৃত ১০ শতাংশ থেকে বাড়িয়ে ২০ শতাংশ করার প্রস্তাব রাখা হয়েছে।

#####Byte-Arvind Panagariya#####

সাংবাদিক সম্মেলনে অর্থ কমিশনের সদস্য সৌম্যকান্তি ঘোষ, এনি জর্জ মেথিউ, মনোজ পাণ্ডা এবং অজয় নারায়ণ বা উপস্থিত ছিলেন।

এর আগে আজ সচিবালয়ে ষোড়শ অর্থ কমিশনের সঙ্গে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার উপস্থিতিতে রাজ্য সরকারের এক উচ্চ পর্যায়ের বৈঠক হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী রাজ্য সরকারের পক্ষ থেকে অর্থ কমিশনের চেয়ারম্যান ড. অরবিন্দ পানাগড়িয়ার হাতে একটি স্মারকলিপি তুলে দেন। এই বৈঠকে রাজ্য মন্ত্রিসভার সদস্যগণ ও রাজ্য সরকারের উচ্চ পদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#####Sound Byte#####

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ড্রিউ. ড্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যাইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যাইটার বা এক্স হ্যান্ডলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\*\*\*\*\*

#### **All Party Meeting :**

সংসদের বাজেট অধিবেশন আগামীকাল শুরু হচ্ছে। সংসদের বাজেট অধিবেশনকে সামনে রেখে আজ সংসদ ভবন চতুরে

সর্বদলীয় বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে সংসদ অধিবেশন সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সরকার সব রাজনৈতিক দলের সহযোগিতা চেয়েছে। বৈঠকের পর সংসদীয় বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সাংবাদিকদের বলেছেন যে রাষ্ট্রপতি দ্বৌপদী মুর্ম আগামীকাল বাজেট অধিবেশনের উদ্বোধনী দিনে সংসদের উভয় কক্ষে ভাষণ দেবেন। তিনি আরও বলেন, রাষ্ট্রপতির ভাষণের পর একটি অর্থনৈতিক সমীক্ষা পেশ করা হবে। তিনি আরও জানান যে শনিবার কেন্দ্রীয় বাজেট পেশ করা হবে। শ্রী রিজিজু বলেন যে অধিবেশন চলাকালীন রাষ্ট্রপতির ভাষণ নিয়ে আলোচনা হবে, তারপরে বাজেট নিয়ে আলোচনা হবে। বাজেটের ওপর আলোচনা চলবে ১৩ ফেব্রুয়ারি পর্যন্ত। তারপর কিছুদিন অবসরের পর বাজেট অধিবেশন পুণরায় ১০ই মার্চ শুরু হবে। তিনি বলেন, দিল্লিতে বিধানসভা নির্বাচনের জন্য ৫ ফেব্রুয়ারি সংসদের অধিবেশন বসবে না।

আজকের বৈঠকে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, স্বাস্থ্যমন্ত্রী জেপি নাড়ো, কংগ্রেস সাংসদ জয়রাম রমেশ এবং গৌরব গঙ্গৈ, টিএমসি সাংসদ সুনীপ বন্দ্যোপাধ্যায়, সমাজবাদী দলের সাংসদ রাম গোপাল যাদব, বিজেডি সাংসদ সম্মিত পাত্র এবং ডিএমকে সাংসদ টিআর বালু উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

#### Budget :

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমন আগামী পঞ্চাশ ফেব্রুয়ারি কেন্দ্রীয় বাজেট পেশ করবেন। ২০২৫-২০২৬ অর্থবছরের পূর্ণাঙ্গ বাজেটের দিকে তাকিয়ে আছেন সব স্তরের জনগণ। চাকরিজীবী থেকে শুরু করে শিল্প-বাণিজ্য মহল, সাধারণ গৃহবধূ, শ্রমজীবী সহ বিভিন্ন স্তরের জনগণের প্রত্যাশা বিভিন্ন রকম এবং সাধারণ মানুষের স্বাচ্ছন্দের নিরিখে বাজেটের কোন দিকগুলোর উপর বিশেষ নজর থাকবে এনিয়ে কথা বলছেন ব্যবসায়ী মহল,

শিক্ষাবিদ ও সমাজের বিভিন্ন স্তরের জনগন। আকাশবাণীর সংবাদ বিভাগের সঙ্গে সাক্ষাৎকারে এবারের বাজেট প্রত্যাশা নিয়ে অভিমত জানান ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের অর্থনীতির অধ্যাপক ইন্দ্রনীল ভৌমিক।

#####Byte-Prof. Indraneel Bhowmik#####

রাজ্য ও আঞ্চলিক স্তরে উন্নয়ন ঘিরে কেন্দ্রীয় বাজেট এর কাছ থেকে সব স্তরের মানুষেরই প্রত্যাশা রয়েছে বলে জানান রামঠাকুর কলেজের সহকারী অধ্যাপক।

#####Byte-Dr. Ardhendu#####

\*\*\*\*\*

#### **School Gymnastics :**

কলকাতায় অনুষ্ঠিত জাতীয় স্কুল জিমন্যাস্টিক্স প্রতিযোগিতার অনুর্ধ্ব ১৪ বছরের মেয়েদের বিভাগে ত্রিপুরার শ্রীপর্ণা দেবনাথ একটি স্বর্ণ পদক সহ মোট চারটি পদক দখল করেছে। অপর তিনটি পদকের মধ্যে একটি রূপো ও দুটি ব্রোঞ্জ রয়েছে।

\*\*\*\*\*

#### **National Games :**

উত্তরাখণ্ডে অনুষ্ঠিত ৩৮তম জাতীয় গেমসের তৃতীয় দিনে শেষ খবর পর্যন্ত মোট ৩৪টি স্বর্ণপদকের ফয়সলা হয়েছে। এরমধ্যে কর্ণাটক ৭টি স্বর্ণপদক নিয়ে পদক তালিকার শীর্ষে রয়েছে। ৬টি স্বর্ণপদক নিয়ে মণিপুর দ্বিতীয় স্থানে এবং ৪টি স্বর্ণ নিয়ে মহারাষ্ট্র তৃতীয় স্থানে রয়েছে।

\*\*\*\*\*

#### **Ranji Trophy :**

ত্রিপুরা ও মহারাষ্ট্রের মধ্যে রঞ্জি ট্রফির চারদিনের খেলা আজ থেকে সোলাপুরে শুরু হয়েছে। স্থানীয় ইন্দ্রিয়া গান্ধী স্টেডিয়ামে টসে জিতে ব্যাট করতে নেমে রাজ্যদল প্রথম ইনিংসে দিনের

শেষে ৫ উইকেট হারিয়ে ২৩০ রান করে। দলের পক্ষে এস. শরথ ৬৬ রানে অপরাজিত রয়ে যান।

\*\*\*\*\*

#### **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রী সেলসিয়াস। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৭ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ দশমিক ৩ ডিগ্রী সেলসিয়াস।

\*\*\*\*\*